দৈনিক সংবাদ

তারিখ ... 05 JAN 1989

পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

৭০

শিক্ষাসামগ্রী ও শিক্ষকের সংকট

# বগুড়ায় প্রাথমিক শিক্ষা বিঘ্নিত

বগুড়া, ৩রা জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।--বগুড়ার ১১টি উপজেলার ৯শ' ৫২টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা সামগ্রী ও শিক্ষকের সংকট থাকায় ছাত্র-ছাত্রীরা সুশিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে।

জেলার উল্লেখিত ৯শ' ৫২টি প্রাথমিক বিদ্যালয়ে প্রয়োজনীয় বেঞ্চ, ব্লাক বোর্ড ও শ্রেণীকক্ষের অভাবসহ দীর্ঘদিন যাবৎ ১শ' ১৯টি শিক্ষকের পদ শূন্য থাকায় ২ লাখ ৭৫ হাজার ৫শ' ৮৯ জন ছাত্র-ছাত্রীর লেখাপড়া বিঘ্নিত হচ্ছে।

বর্তমানে বগুড়ার বিভিন্ন উপজেলার প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকসহ মোট ১শ' ১৯টি পদ শূন্য আছে। এর মধ্যে বগুড়া সদর উপজেলায় ৯টি, শিবগঞ্জে ৩টি, গাবতলীতে ৬টি, সোনাতলায় ১৪টি, ধনুটে ১৯টি, নন্দীগ্রামে ৬টি, কাহালুতে ১৬টি, দুপচাচিয়ায় ৫টি, আদমদীঘিতে ৭টি, শেরপুরে ১০টি ও সারিয়াকান্দিতে ২৪টি শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য আছে।